2025/FYUG/ODD/SEM/
BNGSEC-201T/026

FYUG Odd Semester Exam., 2025

BENGALI

(3rd Semester)

Course No. : BNGSEC-201T

(অনুবাদ ও গণজ্ঞাপন)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ২০

সময় : ২ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

UNIT—I

১। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) *Translation Studies* গ্রন্থটির লেখক কে ?

(খ) Target text-এর বাংলা প্রতিশব্দ কী ?

Scanned with OKEN Scanner

(গ) গদ্যানুবাদের যে কোনো একটি নিয়ম উল্লেখ করো।

(ঘ) অনুবাদ দুই প্রকার—যে কোনো একপ্রকার অনুবাদের নাম লেখো।

২। (ক) উদ্দিষ্ট পাঠ বলতে কী বোঝ? ১

অথবা

(খ) কাব্যানুবাদের দুটি নিয়মাবলীর উল্লেখ করো।

৩। (ক) অনুবাদের সমস্যাগুলি আলোচনা করো। ৫

অথবা

(খ) অনুবাদের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

UNIT—II

৪। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) তুলসী দাস কোন্ ভাষায় 'রামায়ণ' অনুবাদ করেছিলেন?

(খ) কোন্ নাটক অবলম্বনে বিদ্যাসাগর 'শকুন্তলা' লিখেছিলেন?

Scanned with OKEN Scanner

(গ) বাংলা প্রতিশব্দ লেখো :

Dialogue অথবা Transcreation

(ঘ) হোমারের 'ইলিয়াড' ও 'ওডিসি' কোন্ ভাষায় রচিত ?

৫। (ক) বাংলা 'মহাভারত' অনুবাদ ধারার দুজন অনুবাদকের নাম লেখো। ২

অথবা

(খ) বাংলায় অনুবাদ করো :

Intelligence and hardwork, রাম ঘর জাएगा

৬। বাংলায় অনুবাদ করো : ৫

(ক) "১৯৬২ চনত অবিভক্ত অসমৰ প্ৰথম চলচ্চিত্ৰ সংস্থাটোৰ জন্ম হয় চলচ্চিত্ৰ নিৰ্মাতা পদুম বৰুৱা আদিৰ উদ্যোগত তেতিয়াৰ অসমৰ ৰাজধানী শ্বিলঙত। শুনামতে, ঋত্বিক ঘটক, মাৰী ছিটন আদিৰ দৰে সুখ্যাত চলচ্চিত্ৰ ব্যক্তিত্বই শ্বিলং ফিল্ম ছ'চাইটিৰ চলচ্চিত্ৰ আলোচনাত যোগ দিছিল। কিন্তু অসমত চলচ্চিত্ৰ আন্দোলন সৃষ্টি কৰা বা আনকি চলচ্চিত্ৰ সম্পৰ্কীয় আলোচনা-বিলোচনাৰ পৰিৱেশ এটাকে তৈয়াৰ কৰাত এই সংস্থা বিফল হ'ল। অৱশ্যে বহল অর্থত অসমৰ সাধাৰণ জনজীৱনৰ পৰা আছুতীয়া হৈ ৰোৱা শ্বিলঙৰ ৰুদ্ধ সাংস্কৃতিক পৰিৱেশত সি বোধহয় সম্ভৱ নাছিল। পৰৱৰ্তী কালত গুৱাহাটী, দুলীয়াজান আৰু অসমৰ অন্যান্য কেইখনমান চহৰতো চলচ্চিত্ৰ সংস্থা গঠিত হয়;"

Scanned with OKEN Scanner

অথবা

(খ) Once someone told Swamiji that the monk should have no particular attachment to his country. Instead, he should view all countries as his own. At this, Swamiji replied : 'He who fails to love and support his mother how can he provide sustenance for another's mother?' What Swamiji meant was that even the sannyasins should love their motherland? How can he who can not love his own country, embrace the world? Patriotism first, then universalism.

UNIT—III

৭। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) 'গণজ্ঞাপন' শব্দটি প্রথম কে প্রয়োগ করেন?

(খ) গণজ্ঞাপন প্রক্রিয়ায় ব্যবহৃত একটি মুদ্রণ মাধ্যমের নাম লেখো।

(গ) Monologue-এর বাংলা পরিভাষা কী?

(ঘ) অপ্রচলিত নথি কী?

(Continued)

Scanned with OKEN Scanner

৮। (ক) জ্ঞাপন প্রধানতঃ কত প্রকার ও কী কী ? ২

অথবা

(খ) গণজ্ঞাপনের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

৯ (ক) গণজ্ঞাপনের উদ্ভব ও ক্রমবিকাশ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

অথবা

(খ) গণজ্ঞাপনের প্রকারভেদ নিয়ে আলোচনা করো।

UNIT—IV

১০। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) বাংলার প্রথম সাময়িক পত্রের নাম কী ?

(খ) সাংবাদিকতার মাধ্যমকে মূলতঃ কয়টি ভাগে ভাগ করা হয়েছে ?

(গ) ভারতীয় সংবাদপত্রের জনক কে ?

(ঘ) 'সেকাল একালের সংবাদ পরিবেশনের ধারা ও বিচিত্র সংবাদ' গ্রন্থের লেখক কে ?

১১। (ক) সংবাদ কাকে বলে ? ২

অথবা

(খ) সংবাদের দুটি উদ্দেশ্য লেখো।

Scanned with OKEN Scanner

১২। (ক) সংবাদপত্র প্রকাশনায় সম্পাদকের গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।

অথবা

(খ) সাংবাদিকতার মাধ্যমগুলি সম্পর্কে আলোচনা করো।

UNIT—V

১৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) নিউজবুক কী?

(খ) 'ক্ষেত্রসমীক্ষা'র ইংরেজি পরিভাষা কী?

(গ) কোন্ যুগকে 'The age of News Papers' বলা হয়?

(ঘ) অনলাইন মিডিয়ার যে কোনো একটি মাধ্যমের নাম লেখো।

১৪। (ক) ক্ষেত্রসমীক্ষা বলতে কী বোঝ? ২

অথবা

(খ) ক্ষেত্রসমীক্ষার দুটি উদ্দেশ্য উল্লেখ করো।

১৫। (ক) তোমার এলাকার পানীয় জল সরবরাহের উৎস এবং তার গুণমান সম্পর্কে একটি ক্ষেত্রসমীক্ষাভিত্তিক সাংবাদিক প্রতিবেদন প্রস্তুত করো। ৫

অথবা

(খ) স্বচ্ছতা সম্পর্কে কীভাবে জনসচেতনতা গড়ে তোলা যেতে পারে—এ সম্পর্কে একটি সাংবাদিক প্রতিবেদন লেখো।

★★★

FYUG Odd Semester Exam., 2025

BENGALI

(3rd Semester)

Course No. : BNGIDC–201T

(বিশ শতকের বাংলা সাহিত্য—২)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

UNIT—I

১। যে কোনো **চারটি** প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৪=৪

(ক) মুসাফির কত বছর প্রভুকে ডাকেনি ?

(খ) 'সাম্যবাদী' কবিতায় উল্লিখিত যে কোনো একটি তীর্থস্থানের নাম উল্লেখ করো।

(গ) 'সাম্যবাদী' কাব্যগ্রন্থটির প্রকাশকাল কত ?

(ঘ) 'আবার আসিব ফিরে' কবিতায় উল্লিখিত যে কোনো একটি পাখির নাম লেখো।

(ঙ) 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতায় ডুমুর গাছের নিচে কবি কোন্ পাখিকে বসে থাকতে দেখেছিলেন ?

Scanned with OKEN Scanner

২। যে কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২

(ক) নজরুলের যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(খ) জীবনানন্দ দাশের জন্ম ও মৃত্যু সাল উল্লেখ করো।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'মানুষ' কবিতায় মানুষের প্রতি নজরুলের যে অকুণ্ঠ মমত্ববোধ প্রকাশ পেয়েছে তা আলোচনা করো।

(খ) 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতায় কবি জীবনানন্দ দাশের বাংলার প্রকৃতি-প্রীতির যে পরিচয় পাওয়া যায় তা নিজের ভাষায় উল্লেখ করো।

UNIT—II

৪। যে কোনো চারটি অতি সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'হারানের নাতজামাই' গল্পটি কোন্ আন্দোলনের পটভূমিতে রচিত?

(খ) 'কুষ্ঠরোগীর বউ' গল্পে যতীনের স্ত্রীর নাম কী?

(গ) পরশুরামের আসল নাম কী?

(ঘ) 'শ্রী শ্রী সিদ্ধেশ্বরী লিমিটেড্' গল্পের যে কোনো একটি চরিত্রের নাম লেখো।

(ঙ) 'লম্বকর্ণ' গল্পটি কোন্ গল্পগ্রন্থের অন্তর্গত?

(Continued)

Scanned with OKEN Scanner

৫। যে কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২

(ক) ''কী পাপে আমার এমন হল শ্বেতা?'' কে, কাকে এই কথা বলেছে?

(খ) 'লম্বকর্ণ' গল্পের যে কোনো দুটি চরিত্রের নাম লেখো।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'কুষ্ঠরোগীর বউ' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) 'শ্রী শ্রী সিদ্ধেশ্বরী লিমিটেড্' গল্পটিতে সমসাময়িক বাঙালি সমাজের যে প্রতিচ্ছবি ফুটে উঠেছে তা নিজের ভাষায় বর্ণনা করো।

UNIT—III

৭। যে কোনো চারটি প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৪=৪

(ক) 'বাজে কথা' প্রবন্ধটি কোন্ প্রবন্ধ-গ্রন্থের অন্তর্গত?

(খ) 'পাগল' প্রবন্ধটি কত সালে প্রকাশিত হয়?

(গ) বীরবল কার ছদ্মনাম?

(ঘ) ''কাব্যচর্চা না করলে মানুষে জীবনের একটা বড়ো আনন্দ থেকে বঞ্চিত হয়।'' পংক্তিটি কোন্ প্রবন্ধের অন্তর্গত?

(ঙ) 'সাহিত্যে খেলা' প্রবন্ধে উল্লিখিত বিখ্যাত ফরাসী ভাস্কর-এর নাম কী?

Scanned with OKEN Scanner

৮। যে কোনো **একটি** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২

(ক) রবীন্দ্রনাথের যে কোনো দুটি প্রবন্ধ-গ্রন্থের নাম লেখো।

(খ) "কিছুদিন পূর্বে সাহিত্যপত্রে আমার সম্বন্ধে এই মন্তব্য প্রকাশিত হয়।" কার সম্বন্ধে, কী মন্তব্য প্রকাশিত হয়েছিল?

৯। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'বাজে কথা' প্রবন্ধের মূল বিষয়বস্তু নিজের ভাষায় আলোচনা করো।

(খ) 'সাহিত্যে খেলা' প্রবন্ধ অবলম্বনে সাহিত্যের উদ্দেশ্য সম্পর্কে আলোচনা করো।

UNIT—IV

১০। যে কোনো **চারটি** প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৪=৪

(ক) প্রোফেসর শঙ্কুর ডায়েরিধর্মী কাহিনিগুলি কার রচনা?

(খ) গজানন তরফদারের বাড়ি কোথায়?

(গ) অবিনাশবাবু কে ছিলেন?

(ঘ) 'বুয়েনা নোচে' কথাটির অর্থ কী?

(ঙ) প্রোফেসর শঙ্কুর পুরো নাম কী?

(Continued)

Scanned with OKEN Scanner

১১। যে কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২

(ক) জেম্‌স্ সামারটন কে ছিলেন? প্রফেসর শঙ্কুর তৈরি কোন্ ঔষধে তিনি সুস্থ হয়ে উঠেছিলেন?

(খ) 'প্রোফেসর শঙ্কু ও হাড়' গল্পে সাধুবাবা জ্যান্ত করেছিলেন এমন দুটি প্রাণীর নাম উল্লেখ করো।

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) প্রোফেসর শঙ্কু চরিত্রটি নিজের ভাষায় আলোচনা করো।

(খ) 'প্রোফেসর শঙ্কু ও ঈজিপ্সীয় আতঙ্ক' রচনায় উল্লিখিত শঙ্কুর ঈজিপ্ট অভিযানের বিচিত্র অভিজ্ঞতা সম্পর্কে আলোচনা করো।

UNIT—V

১৩। যে কোনো চারটি প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৪=৪

(ক) বুদ্ধদেব বসু রচিত যে কোনো একটি উপন্যাসের নাম লেখো।

(খ) 'পথের পাঁচালী' উপন্যাসটি কার রচনা?

(গ) আশাপূর্ণা দেবীর জন্মসাল উল্লেখ করো।

(ঘ) আশাপূর্ণা দেবীর বিখ্যাত 'ত্রয়ী' উপন্যাসের দ্বিতীয় উপন্যাস কোনটি?

(ঙ) মহাশ্বেতা দেবীর যে কোনো একটি গল্পের নাম উল্লেখ করো।

Scanned with OKEN Scanner

১৪। যে কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২

(ক) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের যে কোনো দুটি উপন্যাসের নাম লেখো।

(খ) বুদ্ধদেব বসুর জন্ম ও মৃত্যু সাল উল্লেখ করো।

১৫। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) বুদ্ধদেব বসুর কবি-প্রতিভা আলোচনা করো।

(খ) গল্পকার মহাশ্বেতার রচনায় প্রান্তিকায়িত জনজীবনের যে ছবি ফুটে উঠেছে তা নিজের ভাষায় আলোচনা করো।

★★★

Scanned with OKEN Scanner

2025/FYUG/ODD/SEM/
BNGDSM-201T/025

FYUG Odd Semester Exam., 2025

BENGALI

(3rd Semester)

Course No. : BNGDSM-201T

[বাংলা সাহিত্যের ইতিহাস (উনিশ শতক)]

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'রাজাবলি' গ্রন্থটির রচয়িতা কে? এটি কত খ্রিস্টাব্দে রচিত?

(খ) উইলিয়াম কেরি রচিত দুটি বাংলা গদ্যগ্রন্থের নাম লেখো।

(গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মকাল ও জন্মস্থান উল্লেখ করো।

Scanned with OKEN Scanner

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের গদ্যরীতি কীরূপ ছিল? উদাহরণ সহযোগে তাঁর গদ্য-ভাষার বৈশিষ্ট্য আলোচনা করো।

(খ) উনিশ শতকে বাংলা সাময়িক পত্রের উদ্ভব বাংলা গদ্যের বিকাশে কীরূপ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল, আলোচনা করো।

UNIT—II

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) মধুসূদন দত্তের 'বীরাঙ্গনা' কাব্যটি কোন্ কাব্যের অনুসরণে রচিত হয়েছিল? এটি কী জাতীয় কাব্য?

(খ) কবি বিহারীলাল চক্রবর্তীর যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(গ) নবীনচন্দ্র সেনের 'ত্রয়ী' মহাকাব্যের মধ্যে যে কোনো দুটি মহাকাব্যের নাম লেখো।

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) আধুনিক গীতিকবিতার ইতিহাসে বিহারীলাল চক্রবর্তীকে প্রথম সার্থক কবি বলা হয় কেন? কবির কাব্য-বৈশিষ্ট্য অবলম্বনে তা আলোচনা করো।

(খ) কবি নবীনচন্দ্র সেনের বাংলা কাব্যসাহিত্যের অবদান সম্পর্কে আলোচনা করো।

Scanned with OKEN Scanner

UNIT—III

২×২=৪

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) মধুসূদন দত্ত রচিত প্রথম নাটগ্রন্থের নাম প্রকাশকালসহ উল্লেখ করো।

(খ) দীনবন্ধু মিত্রের লেখা দুটি প্রহসনের নাম লেখো।

(গ) গিরিশচন্দ্র ঘোষ রচিত যে কোনো দুটি পৌরাণিক নাটকের নাম লেখো।

১০

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) বাংলা নাটকের বিবর্তনের পটভূমিকায় মাইকেল মধুসূদন দত্তের অবদান সম্পর্কে আলোচনা করো।

(খ) বাংলা পৌরাণিক ও ভক্তিমূলক নাট্যধারায় নাট্যকার গিরিশচন্দ্র ঘোষের অবদান সম্পর্কে আলোচনা করো।

UNIT—IV

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) প্যারীচাঁদ মিত্রের লেখা দুটি উপন্যাসের নাম লেখো।

(খ) 'আনন্দমঠ' উপন্যাসটি কার লেখা? 'আনন্দমঠ' উপন্যাসটি কোন্ পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল ?

(গ) রবীন্দ্রনাথের সমাজ-সমস্যামূলক দুটি গল্পের নাম লেখো।

Scanned with OKEN Scanner

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) প্যারীচাঁদ মিত্রের উপন্যাসে বর্ণিত সমাজচিত্র সম্পর্কে আলোচনা করো।

(খ) বাংলা ছোটোগল্পের ধারায় রবীন্দ্রনাথ ঠাকুরের অবদান সম্পর্কে আলোচনা করো।

UNIT—V

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) শিবনাথ শাস্ত্রীর আত্মজীবনী গ্রন্থের নাম কী? তিনি কোন্ ধর্মের প্রচারক ছিলেন?

(খ) দেবেন্দ্রনাথ ঠাকুরের আত্মজীবনী গ্রন্থের পুরো নাম কী? এই গ্রন্থটিতে দেবেন্দ্রনাথ ঠাকুর তাঁর জীবনের কত বছরের কথা বর্ণনা করেছেন?

(গ) 'আমার কথা' গ্রন্থটির রচয়িতা কে? বইটি কত সালে প্রকাশিত হয়?

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) বিনোদিনী দাসীর আত্মজীবনীতে বর্ণিত নারীর সামাজিক অবস্থান সম্পর্কে আলোচনা করো।

(খ) দেবেন্দ্রনাথ ঠাকুরের আত্মজীবনীতে বর্ণিত তাঁর প্রারম্ভিক জীবন সম্পর্কে আলোচনা করো।

★★★

Scanned with OKEN Scanner

2025/FYUG/ODD/SEM/
BNGDSC-202T/024

FYUG Odd Semester Exam., 2025

BENGALI

(3rd Semester)

Course No. : BNGDSC-202T

(উনিশ শতকের বাংলা সাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'সীতার বনবাস' গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়? গ্রন্থটির পরিচ্ছেদ সংখ্যা কত?

(খ) কে সীতাকে চিত্রপট দর্শন করিয়েছিলেন? চিত্রপট দেখার পর সীতা কোথায় যাওয়ার ইচ্ছে প্রকাশ করেছিলেন?

(গ) কত সালে এবং কোথা থেকে 'সীতার বনবাস' প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয়?

(Turn Over)

26J/626

Scanned with OKEN Scanner

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) রাম চরিত্র সৃষ্টিতে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের যে মৌলিকতার পরিচয় পাওয়া যায় তা তোমার পঠিত 'সীতার বনবাস' গ্রন্থ অবলম্বনে আলোচনা করো।

(খ) 'সীতার বনবাস' গ্রন্থ অবলম্বনে বিদ্যাসাগরের গদ্যরীতি সম্পর্কে আলোচনা করো।

UNIT—II

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) প্যারীচাঁদ মিত্রের জন্ম ও মৃত্যু সাল লেখো।

(খ) 'আলালী ভাষা' বলতে কী বোঝো?

(গ) ঠকচাচার মূল নাম কী? মতিলালের পিতার নাম লেখো।

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'আলালের ঘরের দুলাল' গ্রন্থের ঠকচাচা চরিত্রটি আলোচনা করো।

(খ) 'আলালের ঘরের দুলাল' গ্রন্থ অবলম্বনে কলকাতার তৎকালীন সমাজজীবনের পরিচয় দাও।

UNIT—III

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'হুতুম প্যাঁচার নকশা'র প্রথম ভাগ কবে প্রকাশিত হয়? হুতুম প্যাঁচা কে?

Scanned with OKEN Scanner

(খ) বারোইয়ারী পূজার অধ্যক্ষ ও তার সহযোগীর নাম কী ?

(গ) ভূত নাবানোর আসর কোথায় বসেছিল ? ভূতের জন্য তৈরি করা খাবারের মধ্যে কী মেশানো হয়েছিল ?

১০

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও :

(ক) 'হুতুম প্যাঁচার নকশা' গ্রন্থ অবলম্বনে তৎকালীন কলকাতার বারোইয়ারী পূজার পরিচয় দাও।

(খ) নকশা হিসেবে 'হুতুম প্যাঁচার নকশা' গ্রন্থটির সার্থকতা আলোচনা করো।

UNIT—IV

৭। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'বিষবৃক্ষ' ছাড়া বঙ্কিমচন্দ্রের অন্য দুটি সামাজিক উপন্যাসের নাম লেখো।

(খ) 'বিষবৃক্ষ' উপন্যাস গ্রন্থাকারে কবে প্রথম প্রকাশিত হয় ? উপন্যাসটির পরিচ্ছেদ সংখ্যা কত ?

(গ) ''আমার উপর রাগ করিও না—আমি অধঃপাতে যাইতেছি।'' উক্তিটি কে, কাকে করেছিল ?

৮। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও :

১০

(ক) 'বিষবৃক্ষ' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) 'বিষবৃক্ষ' উপন্যাসের সূর্যমুখী চরিত্রটি আলোচনা করো।

Scanned with OKEN Scanner

UNIT—V

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'জীবিত ও মৃত' গল্পটি কত সালে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

(খ) কোন্ কাব্যের, কোন্ কবিতায় রবীন্দ্রনাথ ছোটগল্পের সংজ্ঞা উল্লেখ করেছিলেন?

(গ) 'মধ্যবর্তিনী' গল্পের মধ্যবর্তিনীটি কে? কার সঙ্গে তার বিয়ে হয়েছিল?

১০। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) বদ্ধ নাগরিক পরিবেশে ও যান্ত্রিক আবহে একটি পল্লি-বালকের কীরূপ শোচনীয় অবস্থা হয়েছিল তা 'ছুটি' গল্প অনুসরণে আলোচনা করো।

(খ) 'সুভা' গল্পে নির্বাক সুভার অশ্রুসিক্ত জীবন-যন্ত্রণার যে ছবি ফুটে উঠেছে তা নিজের ভাষায় বর্ণনা করো।

★★★

Scanned with OKEN Scanner

2025/FYUG/ODD/SEM/
BNGAEC-201T/027

FYUG Odd Semester Exam., 2025

BENGALI

(3rd Semester)

Course No. : BNGAEC-201T

(বিশ শতকের বাংলা সাহিত্য ও ভাষা)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ২০

সময় : ২ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

UNIT—I

১। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) 'প্রশ্ন' কবিতায় কবি কাকে উদ্দেশ্য করে প্রশ্ন করেছেন ?

(খ) 'অভিশাপ' কবিতাটির প্রথম প্রকাশকাল উল্লেখ করো।

(গ) যতীন্দ্রনাথ সেনগুপ্তের প্রকাশিত প্রথম কাব্যগ্রন্থের নাম কী ?

(ঘ) বনলতা সেনের নিবাস কোথায় ?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'প্রশ্ন' কবিতার মূল আবেদন কী ?

(খ) যতীন্দ্রনাথ সেনগুপ্তের জন্ম কত সালে, কোথায় হয়েছিল ?

Scanned with OKEN Scanner

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) জীবনানন্দের 'বনলতা সেন' কবিতাটির একটি রসগ্রাহী আলোচনা প্রস্তুত করো।

(খ) নজরুলের 'অভিশাপ' কবিতার নামকরণের সার্থকতা বিচার করো।

UNIT—II

৪। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) প্রেমেন্দ্র মিত্রের 'শুধু কেরানী' গল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

(খ) 'পুন্নাম' ছোটগল্পে অসুস্থ শিশুটির বয়স কত?

(গ) "না-হয় আর একটা বিয়েই করি।" 'শৃঙ্খল' গল্পে উক্ত বাক্যটি কে ব্যবহার করেছেন?

(ঘ) 'স্টোভ' গল্পে স্টোভ নামক বস্তুটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'পুন্নাম' গল্পের দুটি চরিত্রের নাম লেখো।

(খ) প্রেমেন্দ্র মিত্রের দুটি গল্পগ্রন্থের নাম লেখো।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) 'শৃঙ্খল' গল্পে ভূপতি ও বিনতির দাম্পত্য জীবনের যে দ্বন্দ্বময় চিত্র ফুটে উঠেছে তা আলোচনা করো।

(খ) প্রেমেন্দ্র মিত্রের 'পুন্নাম' গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো।

UNIT—III

৭। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) শব্দার্থ পরিবর্তনের একটি ধারার নাম লেখো।

(খ) 'অন্ন' শব্দটির মৌলিক অর্থ কী?

(Continued)

Scanned with OKEN Scanner

(গ) অর্থসংশ্লেষের একটি উদাহরণ দাও।

(ঘ) 'শর' বা 'খাগ' কোন্ শব্দের মূল অর্থ?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'অর্থসংকোচ' কাকে বলে?

(খ) 'বিবাহ' শব্দের মূল অর্থ কী ছিল? উক্ত শব্দটি অর্থ পরিবর্তনের কোন্ ধারার অন্তর্ভুক্ত?

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) উদাহরণসহ অর্থবিস্তারের সংজ্ঞা ও বৈশিষ্ট্যের পরিচয় দাও।

(খ) উদাহরণসহ অর্থসংশ্লেষের পরিচয় দাও।

UNIT—IV

১০। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) কারক কত প্রকার?

(খ) কর্মকারকের একটি উদাহরণ দাও।

(গ) বাংলায় মোট কত প্রকার বিভক্তি আছে?

(ঘ) 'কারক' শব্দটির ব্যাকরণগত অর্থ কী?

১১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) বিভক্তি কাকে বলে?

(খ) কর্মকারক কত প্রকার ও কী কী?

Scanned with OKEN Scanner

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) কর্তৃকারকের সংজ্ঞা লেখো। কর্তৃকারকের প্রকারভেদ উল্লেখ করো।

(খ) করণ কারকের সংজ্ঞা লেখো। এতে বিভিন্ন. বিভক্তি ব্যবহারের উল্লেখ করো।

UNIT—V

১৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) সমাস কত প্রকার?

(খ) দ্বিগু সমাসের একটি উদাহরণ দাও।

(গ) 'সুন্দর যে পুরুষ' এই ব্যাসবাক্যটি কোন্ সমাসের নিদর্শন?

(ঘ) অব্যয়ীভাব সমাসের একটি দৃষ্টান্ত দাও।

১৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) সমাসের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

(খ) তৎপুরুষ সমাসের দুটি উদাহরণ লেখো।

১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) বহুব্রীহি সমাসের সংজ্ঞা লেখো। বহুব্রীহি সমাসের দুটি প্রকারভেদ উল্লেখ করো।

(খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো (যে কোনো পাঁচটি) : ১×৫=৫

দ্বিপ্রহর ; দশানন ; গ্রামান্তর ; অমিল ; ভাই-বোন ;
সিংহাসন ; নীলমণি ; রাজর্ষি ; নবান্ন ; মনমাঝি।

★★★

Scanned with OKEN Scanner